



রাজধানীর হোটেল একান্তরে শনিবার তিন ওয়েবসাইটে ই-প্ল্যাটফর্মের উদ্বোধন করা হয় ■ সমকাল

## এক ক্লিকে লেখক-প্রকাশক বইয়ের আদ্যোপাত্ত

### ■ সমকাল প্রতিবেদক

তিনটি ওয়েবসাইটের সমন্বয়ে যাত্রা শুরু করল দেশের লেখক, প্রকাশক ও সৃজনশীল বইয়ের তথ্য সংবলিত ডিজিটাল প্ল্যাটফর্ম ‘পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম’। সৃজনশীল প্রকাশকদের তথ্য নিয়ে publishers.com.bd, সৃজনশীল লেখকদের জন্য authors.com.bd এবং সৃজনশীল বইয়ের তথ্য নিয়ে ওয়েবসাইট books.com.bd। বিশ্বের যে কোনো স্থান থেকে এক ক্লিকে এই তিনটি ওয়েবসাইটে জানা যাবে বাংলাদেশের প্রকাশক-লেখক- বইয়ের তথ্য। এটি আর্কাইভ হিসেবেও কাজ করবে।

প্রকাশনা সংস্থা সময় প্রকাশনের তত্ত্বাবধানে ‘পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম’ পরিচালনা ও ব্যবস্থাপনায় থাকছে ঢাকা ভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান সময় নেট এবং যুক্তরাষ্ট্র ভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান আলফা নেট। দেশের প্রায় দেড় শতাব্দিক সৃজনশীল প্রকাশক, দুই হাজার লেখক এবং আড়াই হাজার সৃজনশীল বইয়ের বিবরণ আপলোড করা হয়েছে ওয়েবসাইটগুলোতে। এতে লেখকের প্রোফাইল, প্রকাশনা প্রতিষ্ঠানের প্রোফাইল এবং প্রকাশিত বইয়ের তালিকার সঙ্গে বইয়ের প্রচ্ছদ ও পরিচিতি থাকছে।

গতকাল রাজধানীর একটি হোটেলে আড়ম্বরপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। অনুষ্ঠানে পাবলিশার্স ই-

প্ল্যাটফর্মের তথ্য তুলে ধরে বক্তব্য রাখেন সমন্বয়ক ও প্রকাশনা সংস্থা সময় প্রকাশনের প্রধান নির্বাহী ফরিদ আহমেদ। উদ্বোধন করেন লেখক-গবেষক অধ্যাপক মুনতাসীর মামুন। এ সময় শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে লেখক, সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সৃজনশীল প্রকাশকরাও উপস্থিত ছিলেন। এর মধ্যে অনুপম প্রকাশনীর মিলন কান্তি নাথ, কাকলী প্রকাশনীর এ কে নাছির আহমেদ সেলিম, অনন্যার মনিরুল হক, অ্যাডর্ন পাবলিকেশন্সের সৈয়দ জাকির হোসাইন, অন্তেষার শাহাদাৎ হোসেন, নালন্দার রেদোয়ান জয়েল, কথাপ্রকাশের জসিম উদ্দিন, পার্লেটর হাসান জায়েদী, জয়তীর মাজেদুল হাসান প্রমুখ। এই উদ্যোগকে স্বাগত জানাতে এসেছিলেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, গণমাধ্যম ব্যক্তিত্ব মুহাম্মদ জাহাঙ্গীর, লেখক মোস্তফা কামাল, মোস্তফা মামুন, হাসান হাফিজ, সুমন্ত আসলাম, প্রচ্ছদশিল্পী গুব্ব এম।

আলফা নেটের প্রধান কর্মকর্তা আবু সুফিয়ান হায়দার পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের কারিগরি তুলে ধরেন ভিডিও প্রজেকশনের মাধ্যমে। ফরিদ আহমেদ বলেন, শিক্ষিত তরুণ সমাজ ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারে অভ্যস্ত। তাদের কাছে বই ও লেখকের সংবাদ পৌঁছে দিতে এটি উপযুক্ত মাধ্যম। এই প্ল্যাটফর্ম থেকে ফেসবুক ও টুইটারেও লিংক দেওয়া হবে।

close

e samakal.net